গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-২ শাখা

প্রজ্ঞাপন

বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা আইন, ২০২৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ চিকিৎসা শিক্ষা কাউন্সিল-এর সহিত আলোচনাক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন:-

প্রথম খণ্ড

প্রারাম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোণাম। -এই বিধিমালা হোমিওপ্যাথিক চিকিৎসকগণের নিবন্ধন ও কাউন্সিল সদস্য নির্বাচন বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।-বিষয় অথবা প্রসঙ্গে পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়;

(ক) "আইন" অর্থ বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা আইন, ২০২৩
(খ) "নির্বাচন" অর্থ কোন সদস্যের নির্বাচন:
(গ) "নির্বাচন বিজ্ঞপ্তি" অর্থ বিধি ৯ এর অধীনে প্রকাশিত নির্বাচন বিজ্ঞপ্তি:
(ঘ) "প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী" অর্থ বিধি ১৪ এর বিধান মোতাবেক প্রস্তুতকৃত তালিকায় অন্তর্ভুক্ত কোন প্রার্থী:
(ঙ) "প্রার্থী" অর্থ বিধি ১০(১) এর অধীনে মনোনীত কোন প্রার্থী:
(চ)) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত কোন ফরম:
(ছ)। "ব্যালটপত্র" অর্থ বিধি ১৭(২) এর অধীনে মুদ্রিত ব্যালটপত্র:
(জ)। "বিভাগ" অর্থ বাংলাদেশের কোন প্রশাসনিক বিভাগ:
(ঝ)" "সদস্য" অর্থ আইনানুসারে নির্বাচনযোগ্য কোন বোর্ড সদস্য।

দ্বিতীয় খণ্ড

হোমিওপ্যাথিক চিকিৎসকগণের নিবন্ধন ও তালিকাভুক্তি

২। হোমিওপ্যাথিক চিকিৎসক হিসাবে নিবন্ধন। -(১) কোন ব্যক্তি হোমিওপ্যাথিক চিকিৎসক হিসাবে-

(ক) আইনের ধারা-১৯ এর বিধানাবলীর অধীনে নিবন্ধিত হইতে চাহিলে, তিনি রেজিস্ট্রার এর নিকট হইতে ফরম 'ক' সংগ্রহ করিবেন, এবং উক্ত ফরম পূরণ করিয়া উহার সহিত প্রয়োজনীয় কাগজপত্র ও কাউন্সিল কর্তৃক নির্ধারিত ফি' ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আকারে কাউন্সিল কার্যালয়ে জমা দিবেন। এরূপ প্রাপ্ত আবেদনসমূহের তালিকা রেজিস্ট্রার-১ এ সংরক্ষণ করা হইবে; এবং

(খ) আইনের ধারা ২১(২) এর অধীন প্রস্তুতকৃত তালিকাভুক্ত হইতে চাহিলে, তিনি অধ্যাদেশ প্রবর্তনের পূর্বে তাঁহার দাখিলকৃত দরখাস্তের সূত্র উল্লেখপূর্বক কাউন্সিল কর্তৃক নির্ধারিত ফি' ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আকারে কাউন্সিল অফিসে জমা দিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কোন দরখাস্ত সম্পর্কে সন্তুষ্ট হইলে, রেজিষ্ট্রার দরখাস্তকারীর নাম ফরম 'খ' তে বণিত রেজিস্টার, অতঃপর নিবন্ধন বহি (রেজিস্টার-২) বলিয়া উল্লিখিত, এ নিবন্ধন করিবেন অথবা, ক্ষেত্রমত, ফরম 'গ'-তে বর্ণিত তালিকা, অতঃপর তালিকাবহি (রেজিস্টার-৩) বলিয়া উল্লিখিত, তালিকাভুক্ত করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন প্রস্তুতকৃত রেজিস্টারসমূহ এই বিধিমালা অনুসারে সংরক্ষণ করিতে হইবে।

৩। রেজিস্টারসমূহের অন্তর্ভুক্তির পরিবর্তন -রেজিস্টার-২ বা রেজিষ্টার-৩ এ কোন পরিবর্তন, সংশোধন বা অন্তর্ভুক্তি আবশ্যক হইলে, 'সংশ্লিষ্ট হোমিওপ্যাথিক চিকিৎসক ইহার প্রয়োজনীয়তা প্রদর্শন করিয়া সংশ্লিষ্ট কাগজপত্রসহ কাউন্সিল কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত ফি', ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আকারে জমা দিয়া উহাসহ কাউন্সিল অফিসে দরখাস্ত পাঠাইবেন, তবে কোন মুদ্রণজনিত ভুল সংশোধন বা ঠিকানা পরিবর্তনের জন্য কোন ফি' প্রযোজ্য হইবে না।

৪। রেজিস্টারে অন্তর্ভুক্তির ক্রম -নিবন্ধনকৃত বা তালিকাভুক্ত সমস্ত হোমিওপ্যাথিক চিকিৎসকের নাম এবং অন্যান্য বিবরণ তাঁহাদের নিবন্ধনের বা তালিকাভুক্তির তারিখের ক্রমানুসারের সংশ্লিষ্ট রেজিস্টারে অন্তর্ভুক্ত ও পরবর্তী সমস্ত পরিবর্তন, সংযোজন বা সংশোধন রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।

৫। নিবন্ধন বা তালিকাভুক্তির প্রত্যয়নপত্র ও উহার নবায়ন-(১) নিবন্ধনকৃত অথবা তালিকাভূক্ত প্রত্যেক হোমিওপ্যাথিক চিকিৎসক তাঁহার নিবন্ধন বা তালিকাভূক্তি সম্পর্কে একটি সনদপত্র লাভের অধিকারী হইবেন এবং তিনি কাউন্সিল কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত ফি' জমা দিলে রেজিস্ট্রার ফরম 'ঘ'-তে উক্ত প্রত্যয়নপত্র প্রদান করিবেন এবং উহা তিন বৎসর বলবৎ থাকিবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে প্রদত্ত মূল প্রত্যয়নপত্র বিনষ্ট হলে, হারিয়ে গেলে অথবা কোন ভাবে ক্ষতিগ্রস্ত হইলে, সংশ্লিষ্ট হোমিওপ্যাথিক চিকিৎসক-

(ক) উক্ত প্রত্যয়নপত্র হারাইয়া যাওয়ার ক্ষেত্রে, দৈনিক পত্রিকায় এতদুদ্দেশ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন এবং পুলিশ কর্তৃপক্ষকে এ বিষয়ে অবহিতকরণের প্রমাণাদিসহ প্রত্যয়নপত্রের অনুলিপির জন্য কাউন্সিল কর্তৃক 'নির্ধারিত ফি' সহ আবেদন করিবেন;

(খ) অন্যান্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট পরিস্থিতি বর্ণনা এবং ক্ষেত্রমত, প্রমাণাদিসহ উক্ত প্রত্যয়নপত্রের অনুলিপির জন্য উক্ত ফি' সহ আবেদন করিবেন:

(৩) এইরূপ আবেদনপত্র সম্পর্কে সন্তুষ্ট হইলে রেজিস্ট্রার উক্ত অনুলিপি প্রদান করিবেন:

(৪) প্রত্যেক হোমিওপ্যাথিক চিকিৎসক প্রতি তিন বৎসর পর পর, কাউন্সিল কর্তৃক এতদুদ্দেশ্যে 'নির্ধারিত ফি' ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আবারে জমা দিয়া, তাঁহার প্রত্যয়নপত্র রেজিস্ট্রার এর নিকট হইতে নবায়ন করাইয়া নিবেন।

(৫) উপ-বিধি (৪) অনুসারে কোন প্রত্যয়নপত্র নবায়ন না করা হইলে, সংশ্লিষ্ট হোমিওপ্যাথিক চিকিৎসকের নাম নিবন্ধন বহি (রেজিস্টার-২) বা, ক্ষেত্রমত, তালিকাবহি (রেজিস্টার-৩) হইতে বাদ দেওয়া হইবে।

তৃতীয় খণ্ড

কাউন্সিল সদস্য নির্বাচন

৬। নির্বাচন কমিশন - নির্বাচন অনুষ্ঠান ও পরিচালনার জন্য কাউন্সিলের চেয়ারম্যান একটি ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করিবেন। নির্বাচন কমিশন একজন উপযুক্ত ব্যক্তি/কর্মকর্তা/নির্বাচন কমিশনের সদস্যকে 'রিটানিং অফিসার' হিসেবে নিয়োগ করিবেন। নির্বাচন কমিশনের গঠন নিম্নরূপ হইবে:

(১) যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ	আহবায়ক;
(২) পরিচালক (অল্টানেটিভ), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর	সদস্য;
(৩) পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল	সদস্য;
(৪) চেয়ারম্যান কর্তৃক মনোনীত হোমিওপ্যাথিক শিক্ষক প্রতিনিধি	সদস্য;
(৫) রেজিস্ট্রার, বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল	সদস্য-সচিব।

৭। ভোটার, ইত্যাদি হইবার যোগ্যতা – (ক) স্বীকৃতিপ্রাপ্ত হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ব্যতিত অন্য কেহ নির্বাচনে ভোট দিতে অথবা প্রার্থী বা প্রস্তাবক বা সমর্থক হইতে পারিবেন না এবং উক্ত শিক্ষক শুধুমাত্র সংশ্লিষ্ট বিভাগের সদস্য নির্বাচনের জন্য ভোট দিতে এবং প্রার্থী বা প্রস্তাবক বা সমর্থক হইতে পারিবেন।

(খ) প্রার্থী হইতে হইলে কাউন্সিল কর্তৃক অনুমোদিত হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে ন্যূনতম ১০ (দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

৮। ভোটার তালিকা প্রণয়ন।-(১) নির্বাচন কমিশন প্রতিটি বিভাগের জন্য উক্ত বিভাগে অবস্থিত স্বীকৃতিপ্রাপ্ত হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কর্মরত শিক্ষকদের একটি করিয়া তালিকা প্রণয়ন করিবেন।

(২) ভোটার তালিকার ব্যাপারে কোন আপত্তি যা অভিযোগ থাকিলে তাহা নির্ধারিত তারিখের মধ্যে দাখিলের আহবানের বিজ্ঞপ্তিসহ উক্ত তালিকা কাউন্সিলের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে এবং উক্ত বিজ্ঞপ্তি ও তালিকার একটি করিয়া অনুলিপি প্রতিটি কলেজে প্রেরণ করিতে হইবে।

(৩) আপত্তি প্রদানের জন্য নির্ধারিত তারিখের মধ্যে যে কোন শিক্ষক তাঁহার নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত না হওয়ার বিরুদ্ধে লিখিতভাবে এবং নিজ স্বাক্ষরে প্রধান নির্বাচন কমিশনারের নিকট আপত্তি উত্থাপন করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীনে উত্থাপিত আপত্তি সঠিক বলিয়া মনে করিলে, নির্বাচন কমিশন, প্রয়োজনবোধে সংক্ষিপ্ত তদন্তের পর, ভোটার তালিকায় প্রয়োজনীয় সংশোধন করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (৪) মোতাবেক সংশোধিত ভোটার তালিকা কাউন্সিলের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে, এবং উহা চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(৬) নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে ও স্থানে ভোটার তালিকা প্রদর্শন করা যাইবে এবং কাউন্সিল কর্তৃক নির্ধারিত অর্থ পরিশোধ করিয়া নির্বাচন কমিশনের নিকট হইতে ভোটার তালিকা সংগ্রহ করা যাইবে।

৯। নির্বাচন বিজ্ঞপ্তি।-(১) ভোটার তালিকা প্রণয়নের পর নির্বাচন কমিশন নিম্নবর্ণিত তফসিল অনুসারে বিজ্ঞপ্তি বহুল প্রচারিত দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করিবেন এবং উহার অনুলিপি প্রতিটি স্বীকৃতিপ্রাপ্ত হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করিবেন-

নির্বচন কার্যক্রম	তারিখ নির্ধারণের নিয়মাবলী
মনোনয়নপত্র দাখিল	বিজ্ঞপ্তি প্রকাশের কমপক্ষে ১৫ দিন পর হইতে অনধিক পাঁচদিন ব্যাপী অফিস চলাকালীন সময়ে।
মনোনয়নপত্র বাছাই	মনোনয়নপত্র দাখিলের শেষ দিন হইতে তিন দিনের ভিতর নির্দিষ্ট কোন দিনে ও সময়ে।
মনোনয়নপত্র প্রত্যাহার	মনোয়নপত্র বাছাই এর পরে তিন দিনের মধ্যে নির্দিষ্ট কোন দিন পর্যন্ত।
প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ	মনোনয়নপত্র প্রত্যাহারের দুই সপ্তাহের মধ্যে নির্ধারিত কোন দিন।
নির্বাচনের তারিখ	প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের পর কমপক্ষে ১৫ দিন পরে কোন তারিখ।

(২) নির্বাচন কমিশন নির্বাচন বিজ্ঞপ্তিতে ভোট গ্রহণের সময় ও স্থান উল্লেখ করিবেন।

১০। মনোনয়নপত্র দাখিল এবং বাছাই।-(১) নির্বাচনে কোন প্রার্থী মনোনয়নের উদ্দেশ্যে মনোনয়নপত্র দাখিলের জন্য একজন প্রস্তাবক, একজন সমর্থক ও প্রার্থী নিজে ফরম 'ঙ' এর সংশ্লিষ্ট অংশ যথাযথভাবে পূরণ করিয়া বিধি-৯ এর অধীনে নির্ধারিত তারিখে ও সময়ের মধ্যে নির্বাচন কর্মকর্তার নিকটে দাখিল করিবেন।

(২) একজন প্রস্তাবক বা সমর্থক একাধিক প্রার্থীকে প্রস্তাব বা সমর্থন করিতে পারিবেন না।

(৩) উপ-বিধি (১) এর অধীনে দাখিলকৃত মনোনয়নপত্রের সহিত জামানতস্বরূপ ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডার আকারে রেজিস্ট্রারের বরাবরে জমা করিয়া উক্ত ড্রাফট বা পে-অর্ডারের একটি অনুলিপি নির্বাচন কমিশনে দাখিল করিতে হইবে।

(৪) মনোনয়নপত্রের ফরম নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত মূল্য পরিশোধ সাপেক্ষে সরবরাহ করা হইবে।

(৫) মনোনয়নপত্র দাখিল হওয়ার পর নির্বাচন কমিশন উহার প্রাপ্তি স্বীকারপত্র প্রদান করিবেন।

(৬) মনোনয়নপত্র গ্রহণ করিবার পর নির্বাচন কমিশন উক্ত পত্রে জমাদানকারীর নাম, জমা দেওয়ার তারিখ ও সময় এবং ক্রমিক নম্বর সন্নিবেশ করিবেন, এবং একটি রেজিস্টারে উহা তালিকাভুক্ত করিবেন।

১১। মনোনয়নপত্র বাছাই।-(১) বিধি ৯(১) এ নির্ধারিত তারিখে ও সময়ে রিটার্নিং অফিসার দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ বাছাই করিবেন।

(২) প্রত্যেক প্রার্থী ও তাঁহার প্রস্তাবক মনোনয়নপত্র বাছাইয়ের সময় উপস্থিত থাকিতে পারিবেন।

(৩) কোন মনোনয়নপত্র সম্পর্কে কেহ আপত্তি উত্থাপন করিলে রিটার্নিং অফিসার সংক্ষেপে আপত্তির বিষয়বস্তু এবং তাঁহার সিদ্ধান্ত মনোনয়নপত্রের উপর লিপিবদ্ধ করিবেন।

(৪) নির্বাচন কমিশন স্বেচ্ছায় অথবা উপ-বিধি (৩) এর অধীনে উত্থাপিত আপত্তির পরিপ্রেক্ষিতে প্রয়োজনবোধে সংক্ষিপ্ত অনুসন্ধানের পর কোন মনোনয়নপত্র বাতিল করিতে পারেন, যদি তিনি এই মর্মে সন্তুষ্ট হন যে-

(ক) প্রার্থী, প্রস্তাবক বা সমর্থকের প্রয়োজনীয় যোগ্যতা নাই, অথবা

(খ) প্রার্থী, সমর্থক বা প্রস্তাবকের স্বাক্ষর তাঁহাদের নিজেদের নহে।

তবে শর্ত থাকে যে-

কোন প্রার্থীর একটি মনোনয়নপত্র বাতিল হইবার কারণেই তাঁহার অন্য মনোনয়নপত্র (যদি থাকে) বাতিল বলিয়া গণ্য করা হইবে না।

(৫) নির্বাচন কমিশন প্রতিটি মনোনয়নপত্রের উপর উহা গৃহীত বা বাতিল করা হইল এই মর্মে সুনির্দিষ্ট সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং কোন মনোনয়নপত্র বাতিল করিবার ক্ষেত্রে সংক্ষেপে ইহার কারণ লিপিবদ্ধ করিবেন।

১২। আপীল।-(১) বিধি ২২ এর অধীনে বাতিলকৃত কোন মনোনয়নপত্র এর প্রার্থী সমর্থক বা প্রস্তাবক উক্ত বাতিলকরণের বিরুদ্ধে প্রধান নির্বাচন কমিশনারের নিকট উক্ত বাতিলকরণের তিন দিনের মধ্যে আপীল পেশ করিতে পারিবেন।

(২) প্রধান নির্বাচন কমিশনার, প্রয়োজন বোধে সংক্ষিপ্ত তদন্তের পর, দায়েরকৃত আপীলসমূহ, আপীল দায়েরের তিন দিনের মধ্যে নিষ্পত্তি করিবেন এবং অবিলম্বে আপীলের সিদ্ধান্ত নির্বাচন কমিশনকে অবহিত করিবেন।

১৩। প্রার্থীপদ প্রত্যাহার।-বিধি ১১ ও ১২ এর বিধানাবলী মোতাবেক বৈধভাবে মনোনীত কোন প্রার্থী বিধি ৯(১) এ নির্ধারিত তারিখের মধ্যে তৎকর্তৃক স্বাক্ষরিত একটি লিখিতপত্র উক্ত প্রার্থী নিজে বা এতদুদ্দেশ্যে তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন ব্যক্তির মাধ্যমে নির্বাচন কমিশনার এর নিকট দাখিল করিয়া তাঁহার প্রার্থীপদ প্রত্যাহার করিতে পারিবেন।

১৪। প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের তালিকা।-বিধি ১৩ এর অধীনে প্রার্থীপদ প্রত্যাহারের পর (যদি হয়), নির্বাচন কমিশন অবশিষ্ট প্রার্থীদের একটি তালিকা প্রস্তুত করিবেন এবং এইরূপ প্রার্থীগণ প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীরূপে চিহ্নিত হইবেন, এবং নির্বাচন কমিশন বিভাগ-ওয়ারী প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের আলাদা আলাদা তালিকা প্রস্তুত করিবেন এবং উহা কাউন্সিলের নোটিশ বোর্ডে প্রকাশ করিবেন।

১৫। প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর প্রাক-নির্বাচন মৃত্যু।-কোন নির্বাচনের পূর্বে কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর মৃত্যু হইলে, বিধি ১৬ এর বিধান সাপেক্ষে, অন্যান্য প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের মধ্যে নির্বাচন সীমিত থাকিবে।

১৬। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা।-(১) মনোনয়নপত্র বাছাই এবং প্রার্থীপদ প্রত্যাহারের পর যদি কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী না থাকে, তাহা হইলে নির্বাচন কমিশন চেয়ারম্যানের অনুমতিক্রমে, বিধি ৯ এর পদ্ধতি অনুসরণ করিয়া পুনরায় মনোনয়নপত্র আহ্বান এবং পরবর্তী কার্যক্রম গ্রহণ করিবেন।

(২) মনোনয়নপত্র বাছাই, প্রার্থী পদ প্রত্যাহার ও প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী, প্রাক- নির্বাচন মৃত্যু এর ফলে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর সংখ্যা যদি-

(ক) কোন বিভাগে মাত্র একজন হয়, তাহা হইলে নির্বাচন কমিশন তাঁহার কার্যালয়ের নোটিশ বোর্ডে ফরম 'চ' দ্বারা এই মর্মে ঘোষণা প্রকাশ করিবেন যে সংশ্লিষ্ট প্রার্থী উক্ত বিভাগের সদস্য হিসাবে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হইয়াছেন এবং উক্ত ঘোষণার একটি অনুলিপি কাউন্সিলের নিকট প্রেরণ করিবেন।

(খ) প্রার্থী যদি একাধিক হয়, তাহা হইলে ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে।

১৭। ভোট গ্রহণ।-(১) নির্বাচনে এই বিধিমালায় বিধৃত পদ্ধতিতে ভোট গ্রহণ করা হইবে।

(২) নির্বাচন কমিশন প্রতি বিভাগের জন্য উক্ত বিভাগের প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের নামসম্বলিত প্রয়োজনীয় সংখ্যক ব্যালট ফরম 'ছ'তে ছাপাইয়া প্রতিটি ভোটারের নিকট একটি করিয়া ব্যালটপত্র প্রাপ্তি স্বীকার রশিদ সহ রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করিবেন।

১৮। ভোট প্রদান।-(১) প্রত্যেক ভোটার একটি করিয়া ভোট দিতে পারিবেন।

(২) প্রত্যেক ভোটার যে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীকে ভোট দিতে ইচ্ছুক ব্যালটপত্রে তাঁহার নামের পার্শ্বে স্বাক্ষর প্রদান করিবেন। ভোটের জন্য বিভাগভিত্তিক সাদা স্বচ্ছ ব্যালট বাক্স থাকিবে এবং সরাসরি ভোট একদিনে গ্রহণ করা হইবে।

১৯। ভোট গণনা।-(১) ভোট প্রদত্ত ব্যালটপত্র গ্রহণের নির্ধারিত তারিখে বিকাল ৪.০০ টার পর থেকেই নির্বাচন কমিশন ভোট গণনা শুরু করিবেন এবং নির্বাচনের দিনেই ফলাফল ঘোষণা করিবেন।

(২) ভোট গণনার কাজে নির্বাচন কমিশন কাউন্সিলের অন্যান্য কর্মকর্তা বা কর্মচারীদের সহযোগিতা গ্রহণ করিতে পারিবেন।

(৩) প্রার্থী বা তৎকর্তৃক লিখিতভাবে ক্ষমতাপ্রদত্ত একজন প্রতিনিধি ভোট গণনার সময়ে উপস্থিত থাকিতে পারিবেন।

(৪) নির্বাচন কমিশন নিম্নবর্ণিত কোন পত্রকে ব্যালট বাতিল বলিয়া ঘোষণা করিবেন, যদি উহাতে-

(ক) নির্বাচন কর্মকর্তার সীল ও স্বাক্ষর না থাকে।

(খ) প্রার্থীর নামের পাশে স্বাক্ষর না থাকে।

(গ) এমনভাবে স্বাক্ষর দেওয়া থাকে যে, কোন্ প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর বরাবরে ভোট দেওয়া হইয়াছে তাহা নির্ণয় করা সম্ভব নহে।

(৫) উপ-নিধি (৪) এর অধীনে বাতিলকৃত এবং বিধি ১৮(৩) এর অধীন বাতিল বলিয়া গণ্য ব্যালটপত্রগুলি ব্যতিরেকে অন্যান্য ব্যালটপত্র বৈধ বলিয়া বিবেচিত হইবে এবং উহাদের গণনার ভিত্তিতে প্রতিটি বিভাগের সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী নির্ধারিত হইবে।

(৬) সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর সংখ্যা একাধিক হইলে, নির্বাচন কমিশন তৎক্ষণাৎ লটারীর ব্যবস্থা করিবেন এবং লটারীর মাধ্যমে তাঁহাদের মধ্যে একজনকে সর্বোচ্চ ভোটপ্রাপ্ত বলিয়া নির্ধারণ করিবেন। এবং অনুরূপ লটারী ও উহার ফলাফল ফরম 'জ'তে লিপিবদ্ধ করিয়া উহার একটি অনুলিপি কাউন্সিলের নিকট প্রেরণ করিবেন।

২০। নির্বাচনের নথিপত্র ও বিবরণাদি।-(১) ভোট গণনার পর নির্বাচন কমিশন কাগজাদি ও বিবরণী ভিন্ন ভিন্ন মোড়কে সংরক্ষণ করিয়া নিম্নোক্ত মোড়ক সীলমোহরকৃত করিবেন; যথাঃ-
(ক) বৈধ ব্যালটপত্রসমূহ।
(খ) বিধি ১৯(৪) ও ১৮(৩) এর অধীনে বাতিলকৃত বা বাতিল বলিয়া গণ্য ব্যালটপত্রসমূহ।
(গ) ফরম 'জ'তে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ কর্তৃক প্রাপ্ত ভোট বিবরণী এবং বিধি ১৯(৬) এর অধীনে লটারী হইলে উহার বিবরণী।
(ঘ) মুড়িসমেত অব্যবহৃত ব্যালটসমূহ।
(৩) ব্যবহৃত ব্যালটপত্রের মুড়ি।
(চ) চিহ্নিত ভোটার তালিকা।
(২) উপ-বিধি (১) উল্লিখিত মোড়ক ও বিবরণীতে নির্বাচন কমিশন নিজে দস্তখত করিবেন ও প্রার্থী বা তাঁহার প্রতিনিধির দস্তখত গ্রহণ করিবেন।
(৩) উপ-বিধি (১) ও (২) এ উল্লিখিত মোড়ক ও বিবরণী ছাড়াও নির্বাচন কমিশন ব্যালটপত্রের একটি হিসাব ফরম 'ঝ'তে লিপিবদ্ধ করিবেন, এবং এই হিসাবে নিম্নোক্ত তথ্যাদি থাকিবেঃ
(ক) ছাপানো ব্যালটপত্রের মোট সংখ্যা।
(খ) ভোটারগণ কর্তৃক প্রেরিত এবং গণনাকৃত ব্যালটপত্রের সংখ্যা।
(গ) অবিলিকৃত ব্যালটপত্রের সংখ্যা:
(৪) নির্বাচন কর্মকর্তা উপ-বিধি (১), (২) ও (৩) এর অধীনে প্রস্তুতকৃত মোড়ক ও বিবরণীসমূহ চেয়ারম্যানের নিকট প্রেরণ করিবেন।

২১। নির্বাচনের ফলাফল।-বিধি ২০ এর অধীনে নির্বাচন সংক্রান্ত কাগজপত্র ও বিবরণাদি প্রাপ্তির পর, বিধি ২৬ এর বিধান সাপেক্ষে, চেয়ারম্যান সংশ্লিষ্ট বিভাগের সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীকে বা ক্ষেত্রমত, বিনা প্রতিদ্বন্দ্বিতায় প্রার্থীকে নির্বাচিত ঘোষণা করিয়া ফরম 'ঞ'তে একটি ঘোষণা কাউন্সিলের নোটিশ বোর্ডে প্রকাশ করিবেন।

২২। নির্বাচনী আবেদন।-(১) বিধি ২১ এর অধীনে নির্বাচনের ফলাফল ঘোষণার দশ (১০) দিনের মধ্যে যে কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী উক্ত ফলাফলের বৈধতা সম্পর্কে প্রশ্ন উত্থাপন করিয়া প্রধান নির্বাচন কমিশনার এর নিকট আপীল করিতে পারেন।

(২) উপ-বিধি (১) এর অধীনে দায়েরকৃত আবেদনে সংক্ষেপে উক্ত প্রশ্ন উত্থাপন করিবার কারণসমূহ লিপিবদ্ধ করিতে হইবে।

(৩) প্রধান নির্বাচন কমিশনার আবেদনকারীকে ও নির্বাচন কর্মকর্তাকে শুনানীর সুযোগ দিবেন এবং প্রয়োজনে সাক্ষ্য গ্রহণ করিয়া কোন নির্বাচনের ফলাফল সম্পূর্ণ বা আংশিক বহাল অথবা বাতিল করিতে পারিবেন এবং তাহার সিদ্ধান্ত ও উহার যুক্তি সংক্ষেপে লিপিবদ্ধ করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীনে কোন নির্বাচন বাতিল বলিয়া ঘোষিত হইলে, এই বিধিমালার বিধান মোতাবেক নূতনভাবে নির্বাচন অনুষ্ঠিত হইবে।

২৩। উপ-নির্বাচন।-(১) কোন সদস্যের পদ শূন্য হইলে, সংশ্লিষ্ট আইন অনুযায়ী উক্ত পদের জন্য উপ-নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(২) উপ-নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে, নির্বাচনের জন্য এই বিধিমালার যে বিধানাবলী প্রযোজ্য হয় সে বিধান প্রযোজ্য হইবে।

২৪। জামানতের অর্থ বাজেয়াপ্ত। যে কোন বিভাগে প্রদত্ত মোট ভোটের শতকরা দশভাগ ভোট কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী পাইতে ব্যর্থ হইলে তাঁহার জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে।

২৫। নির্বাচনী নথিপত্র বিনষ্টকরণ। বিধি ২০ (৪) এর অধীনে চেয়ারম্যানের নিকট প্রেরিত সকল কাগজপত্র এক বছর পর্যন্ত সংরক্ষিত করা হইবে এবং তাহার পর উহা বিনষ্ট করা হইবে।

ফরম-ক

[বিধি ২(ক)(i) দ্রষ্টব্য]

বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল

হোমিওপ্যাথিক চিকিৎসক নিবন্ধনে তালিকাভুক্তির আবেদনপত্র

তিন কপি পাসপোর্ট সাইজ ছবি সংযুক্ত করিতে হইবে

(নিম্নলিখিত বিবরণ সঠিকভাবে প্রদান করুন)

১। নাম.....

২। পিতার নাম.....

৩। স্বামী/স্ত্রীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে).....

৪। মাতার নাম.....

৫। ঠিকানা : (ক) বর্তমান.....

(খ) স্থায়ী: গ্রাম..... ডাকঘর.....

উপজেলা..... জেলা.....

৬। জন্ম তারিখ..... (এনআইডি এস.এস.সি বা সমমানের সার্টিফিকেট অনুসারে) বয়স.....

৭। জাতীয় পরিচয়পত্র নম্বর.....

৮। পুরুষ/মহিলা..... ৯। জাতীয়তা.....

১০। ধর্ম..... ১১। সাধারণ শিক্ষাগত যোগ্যতা.....

১২। চিকিৎসক বিষয়ক যোগ্যতা:

(ক) হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠানের নাম.....

(খ) পাশের সন.....

(গ) ডিগ্রী/ডিপ্লোমা.....(সার্টিফিকেট সংযুক্ত করিতে হইবে)

(ঘ) হোমিওপ্যাথিক চিকিৎসক হিসাবে কর্মকাল.....

(ঙ) বৈদেশিক হোমিওপ্যাথিক প্রতিষ্ঠানে রেজিস্ট্রেশন প্রাপ্ত হইলে যদি রেজিস্ট্রেশন নম্বরসহ বিস্তারিত তথ্য:

আমি হলফ করিয়া বলিতেছি যে, উপরে আমি যে বিবরণ প্রদান করিয়াছি তাহা সম্পূর্ণ সত্য এবং আমি কোনো বিষয় গোপন করি নাই।

সংযুক্তি: সংশ্লিষ্ট কাগজপত্র।

তারিখ: আবেদনকারীর স্বাক্ষর

Scanned with OKEN Scanner

ফরম-খ

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

নিবন্ধন বহি

নিবন্ধন নং ও তারিখ	হোমিওপ্যাথিক চিকিৎসকের নাম	পিতার নাম	ঠিকানা		জন্ম তারিখ	পুরুষ/মহিলা
			বর্তমান	স্থায়ী		
১	২	৩	৪(ক)	৪(খ)	৫	৬

ধর্ম	জাতীয়তা ও জাতীয় পরিচয়পত্র নম্বর	সাধারণ শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা	চিকিৎসক হিসেবে কর্মকাল: (পূর্ণকালীন/খন্ডকালীন)	উত্তীর্ণ হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠান ও কোর্সের নাম
৭	৮	৯	১০	১১

হোমিওপ্যাথিক শিক্ষা কোর্সের শিক্ষাবর্ষ তারিখ ও রেজিস্ট্রেশন নং	নিবন্ধনকারী কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ	সংশোধন/ পরিবর্তন সম্পর্কিত তথ্য	নবায়ন ও রেজিস্ট্রারের স্বাক্ষর	মন্তব্য
১২	১৩	১৪	১৫	১৬

Scanned with OKEN Scanner

ফরম-গ

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

তালিকা বহি

তালিকাভুক্তির ক্রমিক নং ও তারিখ	হোমিওপ্যাথিক চিকিৎসকের নাম	পিতার নাম	ঠিকানা		জন্ম তারিখ	পুরুষ/মহিলা
			বর্তমান	স্থায়ী		
১	২	৩	৪(ক)	৪(খ)	৫	৬

ধর্ম	জাতীয়তা ও জাতীয় পরিচয়পত্র নম্বর	সাধারণ শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা	চিকিৎসক হিসেবে কর্মকাল: (পূর্ণকালীন/খন্ডকালীন)	উত্তীর্ণ হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠান ও কোর্সের নাম
৭	৮	৯	১০	১১

হোমিওপ্যাথিক শিক্ষা কোর্সের শিক্ষাবর্ষ তারিখ ও রেজিস্ট্রেশন নং	নিবন্ধনকারী কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ	সংশোধন/ পরিবর্তন সম্পর্কিত তথ্য	নবায়ন ও রেজিস্ট্রারের স্বাক্ষর	মন্তব্য
১২	১৩	১৪	১৫	১৬

Scanned with OKEN Scanner

ফরম-ঘ

[বিধি ৫(ক) দ্রষ্টব্য]

বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল

হোমিওপ্যাথিক চিকিৎসক হিসাবে নিবন্ধনের/তালিকাভুক্তির সনদপত্র

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, জনাব/বেগম.....
পিতা.....মাতা.....
গ্রাম/শহর.....ডাকঘর.....
উপজেলা.....জেলা.....
হোমিওপ্যাথিক চিকিৎসক হিসাবে নিবন্ধিত/তালিকাভুক্তি হইয়াছেন। নিবন্ধন বহি (১)-এ/তালিকা বহিতে তাঁহার ক্রমিক নং.....।

এই সনদপত্র নিম্নবর্ণিত সময় পর্যন্ত বলবৎ থাকিবে।

তারিখ:

রেজিস্ট্রার সীল ও স্বাক্ষর

প্রথমবার প্রদানের ক্ষেত্রে	নবায়ন	নবায়ন	নবায়ন	নবায়ন	নবায়ন
১	২	৩	৪	৫	৬
পর্যন্ত স্বাক্ষর	পর্যন্ত স্বাক্ষর	পর্যন্ত স্বাক্ষর	পর্যন্ত স্বাক্ষর	পর্যন্ত স্বাক্ষর	পর্যন্ত স্বাক্ষর

রেজিস্ট্রার সীল ও স্বাক্ষর

Scanned with OKEN Scanner

ফরম-ঙ

[বিধি ১০(ক) দ্রষ্টব্য]

সদস্য নির্বাচনের মনোনয়নপত্র

প্রস্তাবক কর্তৃক পুরণযোগ্য

১। আমি (প্রস্তাবকের নাম)..... পিতা.....
ঢাকা/খুলনা/রাজশাহী/চট্টগ্রাম/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ বিভাগের ভোটার তালিকার..... নম্বর ভোটার..... হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের শিক্ষক ও উক্ত বিভাগের ভোটার তালিকার..... নং ভোটার জনাব/বেগম.....
পিতা..... গ্রাম(স্থায়ী ঠিকানা)..... ডাকঘর.....
উপজেলা..... জেলা..... কে বোর্ডের সদস্যপদের প্রার্থী হিসাবে প্রস্তাব করিতেছি।

২। আমি অন্য কোন মনোনয়ন পত্রে প্রস্তাবক বা সমর্থক হিসাবে স্বাক্ষর করি নাই।

.....
প্রস্তাবকের স্বাক্ষর

সমর্থক কর্তৃক পুরণযোগ্য

১। আমি (সমর্থকের নাম)..... পিতা.....
ঢাকা/খুলনা/রাজশাহী/চট্টগ্রাম/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ বিভাগের ভোটার তালিকার..... নম্বর ভোটার..... হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের শিক্ষক ও নির্বাচনী এলাকার ভোটার তালিকার ..... নং ভোটার জনাব/বেগম .....
পিতা..... গ্রাম(স্থায়ী ঠিকানা)..... ডাকঘর.....
উপজেলা..... জেলা..... কে বোর্ডের সদস্যপদের প্রার্থী হিসাবে সমর্থন করিতেছি।

২। আমি অন্য কোন মনোনয়ন পত্রে প্রস্তাবক বা সমর্থক হিসাবে স্বাক্ষর করি নাই।

.....
সমর্থকের স্বাক্ষর

ফরম-ঙ

প্রার্থীর ঘোষণা

আমি..... পিতা.....
গ্রাম..... ডাকঘর.....
উপজেলা..... জেলা.....
বিভাগ..... এবং.....
হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের শিক্ষক ঢাকা/খুলনা/রাজশাহী/চট্টগ্রাম/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ বিভাগের ভোটার তালিকায়..... নম্বর ভোটার এবং আমি ঘোষণা করিতেছি যে আমি উল্লিখিত প্রস্তাবে সম্মতি দিয়াছি।

.....
প্রার্থীর স্বাক্ষর

Scanned with OKEN Scanner

ফরম-ছ

[বিধি ১৭(ক)(i) দ্রষ্টব্য]

ব্যালটপত্র

ক্রমিক নং.....

বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল
এর সদস্য নির্বাচন

বিভাগ.....

ব্যালট বহি নম্বর.....

ভোটার নম্বর.....

.....

রিটার্নিং অফিসার এর
স্বাক্ষর ও সীল

ফরম-ছ

[বিধি ১৭(ক) (i) দ্রষ্টব্য]

ক্রমিক নং.....

বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল
এর সদস্য নির্বাচন

বিভাগ.....

.....

রিটার্নিং অফিসার এর
স্বাক্ষর ও সীল

ক্রমিক নম্বর	প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর নাম	ভোটরের স্বাক্ষর
১.		
২.		
৩.		
৪.		
৫.		

Scanned with OKEN Scanner

ফরম-জ

[বিধি ১৯(৬) ও (৮) দ্রষ্টব্য]

(প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ কর্তৃক প্রাপ্ত ভোট বিবরণী)

(ক) বিভাগের নাম.....

ক্রমিক নং	প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের নাম	প্রাপ্ত ভোটের সংখ্যা
১.		
২.		
৩.		
৪.		
৫.		

(খ) সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর সংখ্যা একাধিক হইলে লটারিতে বিজয়ী প্রার্থীর নাম:

.....

রিটার্নিং অফিসার এর স্বাক্ষর

তারিখ:

উপস্থিত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের প্রতিনিধির দস্তখত

(১)

(২)

(৩)

(৪)

(৫)

Scanned with OKEN Scanner

ফরম-ঝ

[বিধি ২০(গ) দ্রষ্টব্য]

ব্যালটপত্রের হিসাব

বিভাগের নাম.....

১। ব্যালটপত্রের সংখ্যা ও ক্রমিক নম্বর.....

২। ভোটারকে সরবরাহ করা হয় নাই এইরূপ ব্যালট পত্রের সংখ্যা ও ক্রমিক নম্বর.....

৩। ভোটারদিগকে সরবরাহকৃত ব্যালটপত্রের সংখ্যা.....

৪। বিভিন্নভাবে বাতিলকৃত ব্যালটপত্রের সংখ্যা.....

৫। জমাকৃত মোট ব্যালটপত্রের সংখ্যা.....

৬। গণনার সময় বৈধ ও অবৈধ ভোট হিসাবে গণ্য ব্যালটপত্রের সংখ্যা.....

.....

তারিখ: রিটার্নিং অফিসার এর স্বাক্ষর

ফরম-(ঞ)

[বিধি ২১ দ্রষ্টব্য]

নির্বাচিত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের নাম সম্বলিত ঘোষণা

ক্রমিক নম্বর	বিভাগের নাম	নির্বাচিত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর নাম ও ঠিকানা	মন্তব্য (যদি থাকে)
১.			
২.			
৩.			
৪.			

এতদ্বারা ঘোষণা করা যাইতেছে যে, উপরোল্লিখিত প্রতিদ্বন্দ্বিতাকরী প্রার্থীগণ তাঁহাদের স্ব স্ব নামের বিপরীতে উল্লিখিত বিভাগ হইতে বোর্ডের সদস্য হিসাবে নির্ধারিত হইয়াছেন।

.....

তারিখ: রিটার্নিং অফিসার এর স্বাক্ষর

Scanned with OKEN Scanner